দৈনিক ইনকিলাব

তারিখ 25 JAN 1993
পৃষ্ঠা ... কলাম ...

# পরীক্ষা পদ্ধতি ।। সরকার কিছু চাপাইয়া দেওয়ার পক্ষপাতী নয়

.......................................শিক্ষামন্ত্রী

শিক্ষামন্ত্রী ব্যারিষ্টার জমির-উদ্দিন সরকার শিক্ষা ব্যবস্থাকে যুযোপযোগী ও আধুনিকীকরণের জন্য মাধ্যমিক পরীক্ষা পদ্ধতিকে উন্নত ও মেধা যাচাইয়ের উপ-যোগী করিয়া তোলার ওপর গুরুত্ব আরোপ করিয়াছেন। গত-কাল তিনি ঢাকা আহছানিয়া মিশন আয়োজিত মাধ্যমিক পর্যায়ে নৈর্ব্যক্তিক পরীক্ষা প্রব-র্তনঃ সমস্যা ও সমাধান শীর্ষক দিনব্যাপী সেমিনারের উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন। বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের চেয়ারম্যান অধ্যাপক এম শামসুল হকের সভাপতিত্বে অনুষ্ঠানে শিক্ষা প্রতিমন্ত্রী অধ্যক্ষ মোঃ ইউনুস খান, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যা-পক এমাজউদ্দিন আহমদ ও মিশ-নের নির্বাহী পরিচালক কাজী রফিকুল আলম বক্তৃতা করেন।

শিক্ষামন্ত্রী বলেন. আমাদের দেশে প্রচলিত শিক্ষা ব্যবস্থা বৃটিশ আমলে চালু করা হয় রাজস্ব আদায় ও প্রশাসনের স্বার্থে। এই শিক্ষা ব্যবস্থা ও পরীক্ষা পদ্ধতি পনিবেশিক ধ্যান-ধারণামুক্ত হইতে পারে নাই। তিনি বলেন, মাধ্যমিক পরীক্ষা পদ্ধতির ব্যাপারে সরকার কোন কিছু উপর হইতে চাপাইয়া দেয়ার পক্ষপাতী নয়। সরকার আলাপ-আলোচনা, বিতর্ক ও সমঝোতার মাধ্যমে পরীক্ষা পদ্ধতিকে উন্নত ও যুগোপযোগী করিয়া তুলিতে আগ্রহী। তিনি এ ব্যাপারে গঠনমূলক ও সুচিন্তিত মতামত ও পরামর্শ লইয়া আগা-ইয়া আসার জন্য শিক্ষক, শিক্ষার্থী ও শিক্ষাবিদদের প্রতি আহ্বান জানান।

শিক্ষা প্রতিমন্ত্রী ও পরীক্ষা পদ্ধতির উন্নয়নের ওপর জোর দেন। ভিসি বলেন, বর্তমান নৈর্ব্যক্তিক পদ্ধতিতে ছাত্র-ছাত্রী-দের মেধা যাচাই ও প্রকাশ ক্ষমতা এবং ভাষা জ্ঞান বৃদ্ধির কোন সুযোগ নাই। সভাপতি একটি উন্নত ও যুগোপযোগী পরীক্ষা পদ্ধতি চালুর ওপর গুরুত্ব আরোপ করেন। —বিবরণী